

ভারতীয় ভিসা সেন্টার অনির্দিষ্টকালের জন্য বন্ধ

- A Monitor Desk Report

Date: 08 August, 2024



ঢাকাঃ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মুখে শেখ হাসিনার দেশ ত্যাগের পর উদ্ভূত পরিস্থিতিতে অনির্দিষ্টকালের জন্য ভারতীয় ভিসা সেন্টার (আইভিএসিএস) বন্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার (৭ আগস্ট) আইভিএসিএস তাদের ওয়েবসাইটে এক বার্তায় এই তথ্য জানায়।

এতে বলা হয়, অস্থিতিশীল পরিস্থিতির কারণে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সব আইভিএসিএস বন্ধ থাকবে। পরবর্তী আবেদনের তারিখ ক্ষুদ্রে বার্তার (এসএমএস) মাধ্যমে জানানো হবে এবং পরবর্তী কার্যদিবসে পাসপোর্ট সংগ্রহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

এর আগে কোটা সংস্কার আন্দোলন ঘিরে বিরাজমান পরিস্থিতির কারণে বুধবার (৭ আগস্ট) পর্যন্ত সব ভারতীয় ভিসা সেন্টার বন্ধ ছিল।

-B